

নীলপু

নীলপু

না, তোমার নামের বানান ভুল করি নি
উকারটা বাদ দিয়েছি মাত্র
কেননা আমার কাছে ওটা বাহুল্য ।

তোমার নাম যে নীলু, তা সবাই জানে
যারা তোমার প্রতি মনোযোগী নয়— তারাও ।
আমি কিন্তু মনোযোগী, তীব্রভাবে মনোযোগী আজও ।
তোমার চুলের ছাঁট, চোখের পাপড়ি, ঠোঁটের রঙ
দেহের ভাঁজ, পায়ের ঘুঙ্কর আজও চোখে ভাসে ।

তুমি হয়তো চেন নি আমায়
তোমার অজ্ঞতার অন্ধকারে, উপেক্ষার অন্তরালে
উড়ে বেড়ানো এক জোনাকি পোকা আমি ।
এমন এক আয়না যার কোমল স্বচ্ছতায়
তুমি কোনোদিন অবগাহন করার কথা মনে আনতে পার নি
সেই আয়নার মধ্যে ডুবে আছে এমন এক নীলু
যাকে দেখলে তুমি ঠিক চিনতেও পারবে না ।

নীলপু, হয়তো জেনে তুমি কষ্ট পাবে
মোতালেব কলোনির যে ছবি
মনে সযতনে রেখেছ তা আর তেমন নেই
দেখলে দুঃখ পাবে, রক্ত-মাংসহীন কংকাল শুধু পড়ে আছে
কার্নিশে, বারান্দায়, ছাদে আর গলির মোড়ে ।
নীলপু, তোমার সাথে সাথে
যেন গাছের পাতা, আকাশের মেঘ, ডাকবাক্সের চিঠি
রাস্তায় থোক থোক তরুণের জটলা, অকারণ হাসাহাসি
সব চলে গেছে ।
টগবগে যুবকেরা কেমন যেন গ্রাম্য, অশুদ্ধ, বিষণ্ণ হয়ে গেছে ।
তবুও শরতের মেঘ ভেসে এলে
বসন্তের হাওয়ায়, শীতের কাঁপুনিতে, বর্ষার ঝামঝাম বৃষ্টিতে
হেমন্তের উৎসবে, গ্রীষ্মের মধ্যাহ্নে তোমায় মনে পড়ে ।
তুমি ফিরে আসো